তারিখ : 14 JUN 2017
পৃষ্ঠা ...৩... কলাম ...৫...

দৈনিক
আমাদের সময়

# মোবাইল ফোন নিয়ে শ্রেণিকক্ষে প্রবেশ নয়

নিজস্ব প্রতিবেদক ●

মোবাইল ফোন নিয়ে শিক্ষকরা যাতে শ্রেণিকক্ষে প্রবেশ না করেন সে বিষয়ে মন্ত্রণালয়কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ করেছে জাতীয় সংসদের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সম্পর্কিত স্থায়ী কমিটি। কমিটি মনে করে, পাঠদানের সময় মোবাইল বেজে উঠলে শিক্ষার্থীদের মনোযোগে বিঘ্ন ঘটে। তাই শ্রেণিকক্ষে প্রবেশের আগে সহকারী শিক্ষকদের মোবাইল ফোন প্রধান শিক্ষকের কাছে জমা রাখার পরামর্শ দিয়েছে কমিটি। গতকাল জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়।

কমিটি সূত্র জানায়, বৈঠকে প্রাথমিক

এরপর পৃষ্ঠা ২ কলাম ৭

## মোবাইল ফোন নিয়ে শ্রেণিকক্ষে

(৩ এর পৃষ্ঠার পর) বিদ্যালয়ের প্রতিটি ক্লাসরুমে, অফিসকক্ষে ও সম্মেলনকক্ষে বঙ্গবন্ধুর ছবি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে। কমিটি পিইডিপি-৪ প্রকল্পের পরিধি আরও সম্প্রসারিত করে বাংলাদেশের দারিদ্র্যপ্রবণ উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোয় 'মিড-ডে মিল' কার্যক্রমের আওতায় শুকনো পুষ্টিকর খাবারসহ বিস্কুট বিতরণের সুপারিশ করেছে। সেইসঙ্গে জাতীয় পর্যায়ে 'স্কুল ফিডিং পলিসি' চূড়ান্ত করার লক্ষ্যে শিক্ষক, অভিভাবক এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের মতামত সংগ্রহপূর্বক স্থায়ী কমিটিতে উপস্থাপনের সুপারিশ করা হয়।

এ ছাড়া বৈঠকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাস্টাররোলে কর্মরত কর্মচারীদের বিশেষ ক্যাটাগরিতে মানবিক দিক বিবেচনা করে তাদের চাকরিতে নিয়মিত করার সুপারিশ করা হয়।